



সংখ্যা: ৩৮২/০১৮/কঅ/৩১১

তারিখ: ০৪ নভেম্বর ২০১৮

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)
রাজশাহী বিশ্ববিদ্যালয়

নোটিশ-৩

A ইউনিট -এর সাক্ষাৎকার সংক্রান্ত বিজ্ঞপ্তি

A ইউনিট (কলা অনুষদ ও চারুকলা অনুষদ) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্য থেকে প্রাপ্ত নম্বর অনুযায়ী মেধার ভিত্তিতে গ্রুপ-১ এর প্রথম ১৫০০ জনের সাক্ষাৎকার আগামী ১৮.১১.২০১৮ তারিখে এবং গ্রুপ-২ এর প্রথম ১৫০০ জনের সাক্ষাৎকার আগামী ১৯.১১.২০১৮ তারিখ সকাল ০৯.০০টা থেকে দুপুর ২.০০টা পর্যন্ত গ্রহণ করা হবে। এ ছাড়া দাখিল/আলিম কোটাধারী পরীক্ষার্থীদের মধ্য থেকে উভয় গ্রুপ থেকে প্রথম ১৫০০ জন পরবর্তী প্রাপ্ত নম্বর অনুযায়ী মেধার ভিত্তিতে গ্রুপ-১ এর প্রথম ২৫০ জনের সাক্ষাৎকার আগামী ১৮.১১.২০১৮ তারিখে এবং গ্রুপ-২ এর প্রথম ২৫০ জনের সাক্ষাৎকার আগামী ১৯.১১.২০১৮ তারিখ সকাল ০৯.০০টা থেকে দুপুর ২.০০টা পর্যন্ত গ্রহণ করা হবে। সাক্ষাৎকার গ্রহণের স্থান ও সময়সূচি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ru.ac.bd) থেকে জানা যাবে।

সাক্ষাৎকারের জন্য গুরুত্বপূর্ণ নির্দেশাবলী

(ক) কোন পরীক্ষার্থী নির্দিষ্ট তারিখ, সময় ও স্থানে সাক্ষাৎকারে উপস্থিত হতে ব্যর্থ হলে পরবর্তীতে কোনক্রমেই তার সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং ভর্তির জন্য তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

(খ) সাক্ষাৎকার গ্রহণের জন্য নির্বাচিত পরীক্ষার্থীদেরকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ru.ac.bd) ০৮.১১.২০১৮ থেকে ১৫.১১.২০১৮ তারিখের মধ্যে “Subject (Department) Choice Form” পূরণ করে প্রিন্ট নিতে হবে। নির্ধারিত সময়ে “Subject (Department) Choice Form” পূরণ না করলে, সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে পারবে না।

(গ) সাক্ষাৎকারের সময় পরীক্ষার্থীদেরকে নিম্নেউল্লিখিত কাগজপত্রের মূল কপি অবশ্যই দেখাতে হবে, অন্যথায় তার সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং ভর্তির জন্য তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

(১) পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র (Candidate copy)।

(২) পূরণকৃত “Subject (Department) Choice Form” [বিষয় পছন্দক্রম ফরম]- এর কপি।

(৩) এস.এস.সি./সমমান এবং এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল নম্বরপত্র।

(৪) এইচ.এস.সি. মূল রেজিস্ট্রেশন কার্ড।

(ঘ) সাক্ষাৎকার গ্রহণের পর বিভিন্ন বিভাগে ভর্তির জন্য নির্বাচিত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা ২০.১১.২০১৮ তারিখের মধ্যে কলা অনুষদের নোটিশ বোর্ডে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে।

(ঙ) আসন ফাঁকা থাকা সাপেক্ষে পরবর্তীতে অপেক্ষমান তালিকা অনুষদের নোটিশ বোর্ডে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. মো. ফজলুল হক)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)

ও

ডীন, কলা অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।